



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা

কৃষিই সমৃদ্ধি



তুলা উন্নয়ন বোর্ড এর মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মো: ফখরে আলম ইবনে তাবিব নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
সভার তারিখ	৩০-১০-২০২৩ খ্রিঃ
সভার সময়	সন্ধ্যা ৬.৩০ ঘটিকা
স্থান	জুম প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রমাণকের উপর বিস্তারিত আলোচনা করার জন্য তুলা উন্নয়ন কর্মকর্তা, শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোঃ মনজুরুল হদা কে অনুরোধ করেন। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত ফিডব্যাক প্রদান করা হয়-

ক. আঞ্চলিক কার্যালয়:

১. ঢাকা আঞ্চলিক কার্যালয়:

- প্রতিবেদনে ৩.১ নং কার্যক্রমের অর্জন ভুল দেখানো হয়েছে। প্রতি প্রান্তিকে সেবা গ্রহীতাদের মতামত রেজিস্ট্রার ১ বার করে হালনাগাদ করতে হবে। অর্জন শতকরা হারে দেখাতে হবে।
- প্রমাণকে সূচক ভিত্তিক টপশীট নাই।
- অংশীজনের সভা নিজ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আয়োজন করলে গ্রহণ যোগ্য হবে না। কার্যবিবরণী আরো বিষদভাবে বর্ণনা কাতে হবে। (১.২)
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ (১.৩) এর প্রমাণকে প্রশিক্ষনের ছবি দাখিল করে নাই। ছবি দাখিল না করলে প্রমাণক গ্রহণযোগ্য হবে না।
- অন্যান্য প্রমাণক ঠিক আছে।

২. চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়:

- প্রতিবেদন ভালো হয়েছে।
- সূচকভিত্তিক টপশীট দাখিল করেছে।
- সকল প্রমাণক ঠিক আছে।

৩. যশোর আঞ্চলিক কার্যালয়:

- প্রতিবেদনে ১ম ত্রৈমাসিক এর কলামে কোন কার্যক্রমেরই অর্জন দেখানো হয় নাই। মোট অর্জনের কলামে ১ম ত্রৈমাসিকের অর্জন দেখানো হয়েছে।

- ১.৩ নং কার্যক্রম এর আওতায় শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের প্রমাণক দাখিল করলেও প্রতিবেদনে কোন অর্জন দেখানো হয় নাই।
- প্রমাণকে সূচক ভিত্তিক টপশীট দাখিল করেছে।
- ২.১ নং কার্যক্রমের বাস্তবায়ন প্রমাণকে ওয়েবসাইটে আপলোডের ছবি দাখিল করা হয় নাই।
- প্রমাণক ঠিক আছে।

৪. রংপুর আঞ্চলিক কার্যালয়:

- কর্মপরিকল্পনার কাঠামো ঠিক নাই। ২০২৩-২৪ অর্থ বছরের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত কাঠামো অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ ও প্রতিবেদন দাখিল করতে হবে।
- প্রমাণক সূচকভিত্তিক টপশীট দাখিল করেছে।
- প্রমাণক ঠিক আছে।

খ. গবেষণা খামার/কেন্দ্রসমূহ:

১. তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর

- ১. প্রতিবেদন ঠিক আছে।
- কমন টপশীট দাখিল করেছে। সূচকভিত্তিক টপশীট দাখিল করতে হবে।
- অংশীজনের সভা নিজ কার্যালয়ের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আয়োজন করলে গ্রহণযোগ্য হবে না।
- অন্যান্য প্রমাণক ঠিক আছে।

২. তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, জগদীশপুর, যশোর

- কর্মপরিকল্পনার সূচকের মান ঠিক নাই। ২০২৩-২৪ এর নতুন কাঠামো অনুসরণ করতে হবে। ৩নং কার্যক্রমের আওতায় ৩.১ নং কার্যক্রমই যথেষ্ট। ৩.২, ৩.৩, ৩.৪ নং কার্যক্রমের দরকার নাই।
- লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল অর্জন ঠিক আছে।
- সূচকভিত্তিক টপশীট দাখিল করেছে।
- শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের প্রমাণক ছবি দাখিল করতে হবে।
- ৩.১নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জন ঠিক নাই।

৩. তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, সদরপুর, দিনাজপুর

- প্রতিবেদন মোট অর্জনের কলাম পূরণ করা হয় নাই।
- প্রমাণক সূচক ভিত্তিক টপশীট দাখিল করেছে।
- প্রমাণক ঠিক আছে।

৪. তুলা গবেষণা কেন্দ্র, রংপুর

- প্রতিবেদনে ৩.১ নং কার্যক্রমের অর্জন দেখানো হয় নাই।
- প্রমাণকে কোন টপশীট দাখিল করে নাই
- ৩.১ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয় নাই।

৫. পাহাড়ী তুলা গবেষণা কেন্দ্র, বান্দরবান

- ১ম ত্রৈমাসিকের প্রতিবেদন ও প্রমাণক দাখিল করে নাই।

গ. সাধারণ ফিডব্যাক:

- মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কাঠামো অনুযায়ী প্রতিবেদন প্রণয়ন করতে হবে।

- প্রতি ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রমাণক প্রেরনের ক্ষেত্রে তুলা উন্নয়ন বোর্ড সদর দপ্তর কর্তৃক প্রেরিত চেক লিস্ট অনুসরণ করতে হবে।
- সূচক ভিত্তিক টপশীটসহ প্রমাণক দাখিল করতে হবে।
- ত্রৈমাসিক শেষ হবার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।




ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

স্মারক নং: ১২.০৭.০০০০.১০৩.০১.০০৭.১৯.৩১৮

তারিখ: $\frac{১৬ \text{ কার্তিক } ১৪৩০}{০১ \text{ নভেম্বর } ২০২৩}$

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ২) উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, ঢাকা/রংপুর/চট্টগ্রাম/যশোর
- ৪) তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল)
- ৫) তুলা উন্নয়ন কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি শাখা, তুলা উন্নয়ন বোর্ড



মো: মনজুরুল হুদা
তুলা উন্নয়ন কর্মকর্তা